

## 201024 - রাতদিনের যে কোন সময় কাবা শরীফ তাওয়াফ করা জায়েয

### প্রশ্ন

কোন ব্যক্তি কি রাতদিনের যে কোন সময় উমরা করতে পারে? নাকি উমরার কার্যাবলী দিনের নির্দিষ্ট কোন সময়ে পালন করা আবশ্যিকীয়? আমি প্রশ্ন করতে চাচ্ছি: উমরার সকল ওয়াজিব আমল সম্পর্কে? যে ব্যক্তি এশার নামাযের আগে মক্কায় পৌঁছেছে সে কি এশার নামাযের পরে তাওয়াফ করতে পারবে?

### প্রিয় উত্তর

কাবা শরীফ তাওয়াফ করার সুনির্দিষ্ট কোন সময় নেই। হজ্জ কিংবা উমরা পালনেচ্ছু ব্যক্তি যখন মক্কায় পৌঁছেবে কিংবা সাধারণ তাওয়াফ পালনেচ্ছু দিবারাত্রির যে কোন সময়ে তাওয়াফ করতে চাইবে সে সময় তাওয়াফ করতে পারবে। এমনকি যে সময়গুলোতে নামায নিষিদ্ধ সে সময়গুলোতেও। দলিল হচ্ছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী: “হে বনি আবদে মানাফ! তোমরা কাউকে দিবারাত্রির কোন সময়ে এ ঘরের তাওয়াফ করতে ও নামায পড়তে বাধা দিও না।”[সুনানে তিরমিজি (৮৬৮); আলবানি হাদিসটিকে সহিহ বলেছেন]

আল্লাহই ভাল জানেন।